

পাতা পোড়া (Bacterial Blight)

রোগ পরিচিতি

পাতা পোড়া রোগ এক ধরণের ব্যাকটেরিয়াম, জ্যানথোমোনাস অরাইজি পিভি অরাইজি (*Xanthomonas oryzae pv. oryzae*) এর আক্রমণে হয়ে থাকে। পাতা পোড়া রোগ পোকা, বাতাস এবং সেচের পানির মাধ্যমে এক জমি থেকে অন্য জমিতে ছড়ায়। ধানের গাছের ক্ষত স্থান দিয়ে এ রোগের জীবাণু ভিতরে প্রবেশ করে। এ রোগটি সব মৌসুমেই ব্যাপকভাবে দেখা যায়। বাংলাদেশের সকল এলাকায় এ রোগটি দেশী ও উফসী জাতের ধানের মধ্যে দেখা যায়। এ রোগের আক্রমণের ফলে প্রায় ৩০ ভাগ ফলন কমতে পারে।

রোগের লক্ষণ

পাতা পোড়া রোগে ধানের চারা ও বয়স্ক গাছে তিনটি পৃথক লক্ষণ দেখা হয়।

কুসেক লক্ষণ:

চারা ও কুশি অবস্থায় সাধারণত কুসেক লক্ষণ দেখা যায়। এ রোগের ফলে গাছটি প্রথমে নেতিয়ে পড়ে এবং পরে আস্তে আস্তে পুরো গাছটি মারা যায়। গাছ থেকে পুঁজের মত তরল পদার্থ বের হয়।

ফ্যাকাশে হলুদ পাতা:

আক্রান্ত গাছের কচি পাতাগুলো ফ্যাকাশে হলুদ হয়ে আস্তে আস্তে মরে যায়। রাত ও দিনের তাপমাত্রার পার্থক্য বেশী হলে ($8-9^{\circ}\text{C}$) কচি পাতায় ফ্যাকাশে বর্ণ লক্ষণ দেখা যায়।

পাতা পোড়া লক্ষণ:

ধান গাছের কুশি বা এর পরবর্তী পর্যায়ে পাতা পোড়া রোগের লক্ষণ দেখা যায়। প্রথমে পাতার অগ্রভাগে বা কিনারায় নীলাভ পানিচোষা দাগ দেখা যায়। দাগগুলো আস্তে আস্তে হালকা হলুদ রং ধারণ করে পাতার অগ্রভাগ থেকে নীচের দিকে বাড়তে থাকে। শেষের দিকে পাতা আংশিক বা সম্পূর্ণ ঝলসে যায় এবং ধূসর বা শুকনো খড়ের মত রং ধারণ করে।

রোগের অনুকূল পরিবেশ

রোগপ্রবণ জাত চাষ করলে। রোপণের সময় শিকড় বা গাছে ক্ষতের সৃষ্টি হলে। উচ্চ তাপমাত্রায় ($26-30^{\circ}\text{C}$) এবং বাতাসের আর্দ্রতা ৭০% এর বেশী হলে। বেশী পরিমাণে ইউরিয়া সার ব্যবহার। ঝড়-বৃষ্টির পরবর্তীতে এ রোগের আক্রমণ বেশী দেখা যায়।

সমন্বিত দমন ব্যবস্থাপনা

- রোগ প্রতিরোধী জাত যেমন-বোরো: বিআর ২, ১৪, ১৬, ১৯, ৪৫, ৫০; আউশ: বিআর ২৬ এবং ব্রি ধান ২৭; আমন: বিআর ৪, ব্রি ধান ৩২, ৩৩, ৩৭, ৩৮, ৪০, ৪১, ৪২, ৪৪, ৪৯;
- সুষম মাত্রায় সার ব্যবহার এবং ইউরিয়া সার তিন কিস্তিতে প্রয়োগ;
- ঝড়-বৃষ্টি হলে কিস্তি রোগ দেখা দিলে ইউরিয়া সার দেয়া বন্ধ করতে হবে;
- রোগ দেখা দিলে বিমা প্রতি ৫ কেজি পটাশ সার প্রয়োগ করতে হবে;
- কুসেক আক্রান্ত জমি শুকিয়ে ৫-৭ দিন পর আবার পানি দিতে হবে;
- চারা উঠানোর সময় চারা যেন কম ছিঁড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে;
- ধান কর্তনের পর রোগাক্রান্ত জমির নাড়া ও খড় পুড়িয়ে ফেলতে হবে।



কুসেক লক্ষণ



ফ্যাকাশে হলুদ পাতা



পাতাপোড়া লক্ষণ

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

